



তথ্যবিবরণী

নম্বর-১২৮

রুয়েটে তিন দিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্স শুরু

রাজশাহী, ২৬ অগ্রহায়ণ (১১ ডিসেম্বর):

আজ বুধবার (১১ ডিসেম্বর) সকালে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) কেন্দ্রীয় মিলনায়তনে বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল অনুষদ আয়োজিত ৬ষ্ঠ 'মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল এন্ড ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং' বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্সের উদ্বোধন করেন রুয়েট উপাচার্য ও কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. এস. এম. আব্দুর রাজ্জাক। তিন দিনব্যাপী আয়োজিত এই কনফারেন্সের এবারের প্রতিপাদ্য- 'ইনোভেটিং ফর ইম্প্যাক্ট: অ্যাডভান্সমেন্ট ইন মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল এন্ড ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং ফর এ সাসটেইনেবল ফিউচার'।

যন্ত্রকৌশল অনুষদের ডীন ও কনফারেন্স আয়োজক কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. রোকনুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রুয়েটের সাবেক উপাচার্য অধ্যাপক ড. সিরাজুল করিম চৌধুরী, জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুহাম্মদ আজিজ, কনফারেন্সের পৃষ্ঠপোষক ও ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগের প্রধান অধ্যাপক ড. মো. মোশাররফ হোসেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন কনফারেন্স আয়োজক কমিটির সেক্রেটারী ও যন্ত্রকৌশল বিভাগের প্রধান অধ্যাপক ড. মোহাম্মদ শাহেদ হাসান খান তুয়ার। কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত রেজিষ্টার আরিফ আহম্মদ চৌধুরীসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, সকল পরিচালক, বিভাগীয় প্রধান, দপ্তর ও শাখা প্রধানগণ, শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ।

বাংলাদেশ ছাড়াও যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, চীন, ফ্রান্স ও হংকংসহ দেশ-বিদেশের বিভিন্ন স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের প্রায় তিনশ শিক্ষক, গবেষক ও বিজ্ঞানীরা এ কনফারেন্সে অংশ নিচ্ছেন। তিনটি সেশনে ৮টি মূল প্রবন্ধ এবং ১৭টি টেকনিক্যাল সেশনে মোট ১৭৩টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হবে। কনফারেন্সে শেষে সেরা ০৭টি গবেষণা প্রবন্ধ উপস্থাপনকারীগণকে পুরস্কৃত করা হবে বলে রুয়েট সূত্রে জানা যায়।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৫.৪০ ঘ.